রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২১, ২০২২

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়**
**বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।**

## বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য নির্বাচনের বিজ্ঞপ্তি

তারিখ : ৬ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বাবাকা/প্রশাসন/২০২২/৮৭৮**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ লিগ্যাল প্রাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার, ১৯৭২ (১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং-৪৬)-এর অনুচ্ছেদ ৮ এর বিধান অনুযায়ী বাংলাদেশ বার কাউন্সিল ১৪ জন সদস্য নির্বাচনের জন্য ২০২২ সালের ২৫ মে, সকাল ১০ ঘটিকা হইতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত ভোটকেন্দ্রসমূহে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(১) বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি ভবন, শাহবাগ, ঢাকায় একটি ভোটকেন্দ্র থাকিবে।

(২) দেশের সকল জেলা সদরের দেওয়ানী আদালত প্রাঙ্গনে একটি করিয়া ভোটকেন্দ্র থাকিবে।

(৩) বাজিতপুর, ইশ্বরগঞ্জ, দুর্গাপুর, ভাংগা, চিকন্দি, পটিয়া, সাতকানিয়া, বাঁশখালী, ফটিকছড়ি, সন্দ্বীপ, হাতিয়া, নবীনগর ও পাইকগাছা দেওয়ানী আদালতসমূহের প্রাঙ্গনে একটি করিয়া ভোটকেন্দ্র থাকিবে।

সর্বমোট ১৪ জন সদস্য নির্বাচিত হইবেন। বার কাউন্সিলের সনদপ্রাপ্ত অ্যাডভোকেটগণ তাহাদের মধ্য হইতে জেনারেল সীটে ৭ (সাত) জন সদস্য নির্বাচিত হইবেন এবং ৭ (সাত) টি গ্রুপ সীটের প্রত্যেকটির আওতাধীন লোকাল আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেটগণের মধ্য হইতে একজন করিয়া ৭ (সাত) জন সদস্য নির্বাচিত হইবেন।



মূল্য : টাকা ৮.০০

**গ্রুপ সীটের বর্ণনা নিম্নে দেওয়া হইল:**

| গ্রুপের নাম | প্রত্যেক গ্রুপের অন্তর্গত লোকাল আইনজীবী সমিতির নাম |
|---|---|
| (এ) | বৃহত্তর (পূর্ববর্তী) ঢাকা জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (বি) | বৃহত্তর (পূর্ববর্তী) ময়মনসিংহ, টাংগাইল ও ফরিদপুর জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (সি) | বৃহত্তর (পূর্ববর্তী) চট্টগ্রাম ও নোয়াখালী জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (ডি) | বৃহত্তর (পূর্ববর্তী) কুমিল্লা ও সিলেট জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (ই) | বৃহত্তর (পূর্ববর্তী) খুলনা, বরিশাল ও পটুয়াখালী জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (এফ) | বৃহত্তর (পূর্ববর্তী) রাজশাহী, যশোর ও কুষ্টিয়া জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (জি) | বৃহত্তর (পূর্ববর্তী) দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |

[**দ্রষ্টব্য:** সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি ব্যতীত অন্যান্য সকল আইনজীবী সমিতিকে লোকাল আইনজীবী সমিতি বলা হয়।]

বার কাউন্সিলের সদস্য হিসাবে নির্বাচনের জন্য নির্ধারিত নমিনেশন ফরমে বার কাউন্সিলের সচিব মহোদয় বরাবর লিখিত ৩ (তিন) জন ভোটার স্বাক্ষরিত প্রস্তাব ও নমিনেশন ফি বাবদ "বাংলাদেশ বার কাউন্সিল" এর নামে ১০০০/-(এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহকারে নমিনেশন ফরম বার কাউন্সিলের সচিব মহোদয়ের নিকট নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। নির্ধারিত নমিনেশন ফরমের নমুনা প্রত্যেক আইনজীবী সমিতি অথবা বার কাউন্সিল কার্যালয়ে পাওয়া যাইবে। একটি নমিনেশন ফরমে কেবলমাত্র একজন প্রার্থীর নাম প্রস্তাব করা যাইবে। একটি নমিনেশন ফরমে একাধিক প্রার্থীর নাম প্রস্তাব করিলে কিংবা ভুল তথ্য পরিবেশন করিলে প্রস্তাবটি বাতির বলিয়া গণ্য হইবে। কোনো ভোটার নমিনেশন ফরমে জেনারেল সীটের জন্য ৭ (সাত) টির বেশি প্রস্তাব স্বাক্ষর করিতে পারিবেন না এবং গ্রুপ সীটের এলাকাধীন লোকাল আইনজীবী সমিতির কোনো ভোটার উল্লিখিত জেনারেল সীটের জন্য ৭ (সাত) টি এবং সংশ্লিষ্ট গ্রুপ সীটের জন্য একটির বেশি প্রস্তাবে নমিনেশন ফরমে স্বাক্ষর করিতে পারিবেন না। নমিনেশন ফরমে উপরোক্ত সংখ্যার বেশি প্রস্তাব দাখিল করিলে দাখিলকৃত প্রস্তাবগুলির ক্রমানুযায়ী অতিরিক্ত প্রস্তাবগুলি বাতিল বলিয়া গণ্য হইবে।

উল্লেখ্য যে, বাংলাদেশ লিগ্যাল প্রাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার, ১৯৭২-এর অনুচ্ছেদ 5A(2) অনুযায়ী কোনো অ্যাডভোকেট আসন্ন নির্বাচনের অব্যবহিত পূর্বে পর পর দুইবার বার কাউন্সিলের সদস্য নির্বাচিত হইয়া থাকিলে তিনি আসন্ন নির্বাচনে নির্বাচিত হইবার যোগ্য নহেন।

যাহারা বার কাউন্সিলের সনদপ্রাপ্ত এবং বার কাউন্সিল অনুমোদিত কোনো আইনজীবী সমিতির সদস্য তাহারা ভোটার বলিয়া গণ্য হইবেন। বার কাউন্সিল আইনে বিধি নং 73A অনুযায়ী যে সকল অ্যাডভোকেটকে সনদ প্রদান করা হইয়াছে তাহারাও ভোটার বলিয়া গণ্য হইবেন। সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি এবং খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি জেলা আইনজীবী সমিতির প্রত্যেক ভোটার জেনারেল সীটের জন্য ৭ (সাত)টি ভোট প্রদান করিতে পারিবেন এবং গ্রুপ সীটের জন্য এলাকাধীন লোকাল আইনজীবী সমিতির প্রত্যেক ভোটার জেনারেল সীটের জন্য ৭(সাত) টি ভোট ও সংশ্লিষ্ট গ্রুপ সীটের জন্য একটি মাত্র ভোট প্রদান করিতে পারিবেন।

কোন ভোটার কোন ভোটকেন্দ্রে ভোট প্রদান করিবেন তাহা প্রদর্শন করিয়া ২৭-০৩-২০২২ইং তারিখের মধ্যে ভোটার তালিকা প্রকাশ করা হইবে এবং এই ভোটার তালিকা অনুযায়ী ভোটারগণ নির্দিষ্ট কেন্দ্রে ভোট প্রদান করিবেন। ভোটকেন্দ্রে ভোট প্রদানের দিন স্ব স্ব ভোটারকে ভোট প্রদান কালে তাঁর (NID Card/Passport/Bar Association Membership ID Card) প্রদর্শন করিতে হইবে। পোলিং এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্তগণ স্ব স্ব ভোটকেন্দ্রে ভোট প্রদান করিতে পারিবেন। গ্রুপ সীটের প্রার্থীর পোলিং এজেন্টকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রুপের মধ্যে অবস্থিত কোনো একটি লোকাল আইনজীবী সমিতির ভোটার হইতে হইবে। নির্বাচনে প্রার্থীগণ স্ব স্ব এলাকাধীন যে কোনো ভোট কেন্দ্রে ভোট প্রদান করিতে পারিবেন।

বাংলাদেশ লিগ্যাল প্রাক্টিশনার্স এন্ড বার কাউন্সিল রুলস্, ১৯৭২ এর বিধি-৩ অনুযায়ী—

## নির্বাচনের তফসিল

| | | | |
|---|---|---|---|
| (ক) | যে তারিখের মধ্যে মনোনয়নপত্র বার কাউন্সিল অফিসে দাখিল করিতে হইবে | : | বুধবার ৩০ মার্চ, ২০২২ সকাল ১০ ঘটিকা হইতে বুধবার ৬ এপ্রিল, ২০২২ অপরাহ্ণ ৪ ঘটিকা পর্যন্ত। |
| (খ) | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | বুধবার ১৩ এপ্রিল, ২০২২ অপরাহ্ণ ৪ ঘটিকা |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | বুধবার ২০ এপ্রিল, ২০২২ অপরাহ্ণ ৪ ঘটিকা |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | : | বুধবার ২৫ মে, ২০২২ সকাল ১০ ঘটিকা হইতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত |
| (ঙ) | যে তারিখের মধ্যে নির্বাচনের বিরুদ্ধে আপত্তি দাখিল করা যাইবে | : | বাংলাদেশ গেজেটে নির্বাচনের ফলাফল প্রকাশিত হইবার তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে |
| (চ) | যে তারিখে বাংলাদেশ বার কাউন্সিল অফিসে নির্বাচন ট্রাইব্যুনাল কর্তৃক প্রথম বারের মত আপত্তি গৃহীত হইবে | : | বৃহস্পতিবার ১৪ জুলাই, ২০২২ অপরাহ্ণ ৪ ঘটিকা |

নির্বাচন বিধি নং-২২ অনুযায়ী নির্বাচন সংক্রান্ত আপত্তি দরখাস্ত শুনানির জন্য নিম্নে বর্ণিত অ্যাডভোকেটগণের সমন্বয়ে ট্রাইব্যুনাল গঠন করা হইল :

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ মুনসুরুল হক চৌধুরী, সিনিয়র অ্যাডভোকেট | : | চেয়ারম্যান |
| (২) | জনাব সৈয়দ হায়দার আলী, অ্যাডভোকেট | : | মেম্বার |
| (৩) | জনাব আব্দুস সবুর, অ্যাডভোকেট | : | মেম্বার |

ভোটার তালিকা প্রতি সেট ২,০০০/= (দুই হাজার) টাকা মূল্য প্রদানে বার কাউন্সিল ভবন, ৩ শহীদ মনসুর আলী সরণি, শাহবাগ, ঢাকা হইতে ক্রয় করা যাইবে।

**আবু মোহাম্মদ আমিন উদ্দিন**
চেয়ারম্যান
বাংলাদেশ বার কাউন্সিল
ও
এটর্ণী জেনারেল বাংলাদেশ।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd